



দ্বিপক্ষীয় সম্পর্ক আরো সমৃদ্ধ করার তাগিদ দক্ষিণ কোরীয় রাষ্ট্রদূতের

বাংলাদেশে নিযুক্ত দক্ষিণ কোরিয়ার রাষ্ট্রদূত পার্ক ইয়ং-সিক বলেছেন, 'এখন কোরিয়া ও বাংলাদেশ উভয়ের জন্যই সময় এসেছে আগামী পঞ্চাশ বছরের জন্য দ্বিপক্ষীয় সম্পর্ককে আরো সমৃদ্ধ করার।' নর্থ সাউথ ইউনিভার্সিটির সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্ন্যান্সের (এসআইপিজি) সেন্টার ফর পিস স্টাডিজ এবং অফিস অব এক্সটারনাল অ্যাফেয়ার্স আয়োজিত অ্যান্ডারসেডর টক সিরিজে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। 'আধুনিক কোরিয়া: ইতিহাস, গণতন্ত্র, অর্থনীতি, শান্তি ও নিরাপত্তা' শীর্ষক এ আয়োজনে সভাপতিত্ব করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর আতিকুল ইসলাম। অনুষ্ঠান সঞ্চালনা করেন অফিস অব এক্সটারনাল অ্যাফেয়ার্সের পরিচালক ড. ক্যাথরিন লি। সিপিএস সমন্বয়ক ড. আব্দুল ওহাবের স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। —বিজ্ঞপ্তি